

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গোপালগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৩৫০০.০০০.২৬.২২৯.২০২১- ৪২৩

তাং- ০৪/০৯/২০২৩ খ্রি:

**ভর্তি বিজ্ঞপ্তি**

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ি চালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাদ্বারা “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতাধীন বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদী অনাবাসিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের একাধিক প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| প্রশিক্ষণ কোর্সের নাম, স্থান, মেয়াদ  | শিক্ষণত যোগ্যতা ও বয়স   | প্রশিক্ষণ ভাতা/ যাতায়াত ভাতা (টাকা)                         | আবেদনপত্র জমাদান সময় ও স্থান  | সাক্ষাকারের সময় ও স্থান   |
|---|--|--|--|--|
| যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্স<br>শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ<br>কেন্দ্র, টুঙ্গিপাড়া।<br>মেয়াদ- ০১(এক)মাস | সর্বনিম্ন অষ্টম শ্রেণী<br>উচ্চ শিক্ষিতদের অগ্রাধিকার<br>দেয়া হবে।<br>বয়স ২১ থেকে ৩৫ বছর। | দৈনিক জনপ্রতি ১৫০/-<br>টাকা<br>(দৈনিক উপস্থিতির<br>ভিত্তিতে) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।<br>সদর, টুঙ্গিপাড়া,কৌটালীপাড়া,কাশিয়ানী,<br>মুকসুদপুর।<br>উপপরিচালকের কার্যালয়, গোপালগঞ্জ।<br>আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ<br>২৪/০৯/২০২৩ | ২৬/০৯/২০২৩ খ্রি:, সকাল<br>১০.০০ ঘটিকা<br>উপপরিচালকের কার্যালয়,<br>যুব উন্নয়ন অধিদপ্তর,<br>গোপালগঞ্জ। |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ**

- বর্ণিত কোর্সে ভর্তি হতে আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ৩১শে আগস্ট/২০২৩খিঃ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলা হতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম স্বহস্তে পূরণকৃত (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয় পত্র (NID) (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) সর্বোচ্চ শিক্ষণত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেভার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) whatsapp (১৪) facebook ID (১৫) ই-মেইল ID (১৬) বিকল্প যোগাযোগ নম্বর (১৭) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষণত যোগ্যতার সনদ পত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয় পত্র (NID) জমা দিতে হবে। সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। সাক্ষাকারের সময় মূল সনদ পত্র ও অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা নিম্ন সাক্ষরকারীর দপ্তর/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাকারের জন্য নির্ধারিত তারিখ ও সময় নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোনো প্রকার টি,এ/ ডি,এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। ছ) ১৫ জন প্রশিক্ষার্থীর আবাসন সুবিধা রয়েছে। তবে প্রশিক্ষার্থীগণ নিজ খরচে খাবার ব্যবস্থা করবেন।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথা সময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম / কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য নিম্ন-সাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।



(মুহাম্মদ মিজানুর রহমান)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৪৭৮৮২১৫৯২

তাং- ০৪/০৯/২০২৩ খ্রি:

স্মারক নং- ৩৪.০১.৩৫০০.০০০.২৬.২২৯.২০২১- ৪২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

- ১) মহা পরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ।
- ৪) পুলিশ সুপার, গোপালগঞ্জ।
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), গোপালগঞ্জ।
- ৭) জনাব .....
- ৮) অধ্যক্ষ, টেকনিক্যাল ট্রেনিং কলেজ (টিটিসি), গোপালগঞ্জ।
- ৯) ডেপুটি কো-অর্ডিনেটর, শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র, টুঙ্গিপাড়া।
- ১০) সহকারী পরিচালক, বিআরটিএ, গোপালগঞ্জ।
- ১১) .....
- ১২) উপজেলা যুব উন্নয়ন অফিসার.....(সকল), গোপালগঞ্জ।
- ১৩) অফিস কপি।



(মোঃ সাজেদুল হক)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৪৭৮৮২১৭৫৭